



বার্ষিক প্রতিবেদন  
২০২১ - ২০২২

বাংলাদেশ সমবায় একাডেমি  
কোটবাড়ী, কুমিল্লা।

## প্রকাশনা পরিচিতি

বাংলাদেশ সমবায় একাডেমির বার্ষিক প্রতিবেদন: ২০২১ - ২০২২  
প্রকাশকাল: অক্টোবর, ২০২২

সার্বিক পরিকল্পনা-নির্দেশনা-সম্পাদনা:

মোঃ জিয়াউল হক

অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)

বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা

নির্বাহী সম্পাদক:

জনাব মোঃ জিয়াউল হক

উপাধ্যক্ষ-যুগ্ম নিবন্ধক

বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা

সহযোগী সম্পাদক:

মোহাম্মদ গিয়াস উদ্দিন

অধ্যাপক (গবেষণা)

বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা

মোঃ মোঃ নুরুল আলম

সহকারী অধ্যাপক, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা

তানিয়া সুলতানা

সহকারী অধ্যাপক

বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা

মুহম্মদ ওমর ফারুক মজুমদার

গবেষণা সহকারি

বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা

কম্পিউটার কম্পোজ ও বিন্যাস:

জনাব পিকুল বিশ্বাস

## বাংলাদেশ সমবায় একাডেমির সুনির্দিষ্ট গন্তব্য

ক্রঃ নং	প্রত্যয়	সুনির্দিষ্ট লক্ষ্যাভিসারি গন্তব্য
১	ভিশন	একটি যুগোপযোগি, সৃজনশীল ও উদ্ভাবনী প্রশিক্ষণ প্রতিষ্ঠানে উন্নীতকরণ।
২	মিশন	সমবায়ী ও সমবায় বিভাগের কর্মকর্তা/কর্মচারিগণকে দক্ষ মানবসম্পদে পরিণত করার লক্ষ্যে যুগোপযোগি ও উদ্ভাবনী প্রশিক্ষণ প্রদান কার্যক্রম পরিচালনা করা।
৩	কর্মকৌশল (Working Policy)	প্রতিষ্ঠানের কর্মসংস্কৃতি (Work Culture) ও কর্মকর্তা/কর্মচারীদের মানস জগতে (Mind Setup) ইতিবাচক পরিবর্তন এনে প্রতিষ্ঠানের সেবা/প্রশিক্ষণ প্রদান সিস্টেমকে গতিশীল ও দায়বদ্ধ করার মাধ্যমে প্রশিক্ষণার্থীদেরকে সেবাপ্রত্যাশীদেরকে প্রদত্ত- (ক) সঠিক সেবা/প্রশিক্ষণ; (খ) সঠিক পরিমাণে; (গ) সঠিক গুণগত মান; (ঘ) সঠিক স্থানে; (ঙ) সঠিক সময়ে (চ) সঠিক ব্যয়ে এবং (ছ) সঠিক পদ্ধতিতে সরবরাহ নিশ্চিত করা।
৪	আমাদের অগ্রগণ্যতা (Priorities)	আগত সেবাপ্রত্যাশী/প্রশিক্ষণার্থীদের সর্বোচ্চ সন্তুষ্টি বিধান (Customer Satisfaction) করাই আমাদের সকল কর্মকাণ্ডের মৌল নির্যাস।
৫	আমাদের শ্লোগান (Slogan)	সবুজ ক্যাম্পাস -পরিষ্কার পরিচ্ছন্ন ক্যাম্পাস। (Green Campus-Clean Campus)
৬	আমাদের স্বপ্ন (Dream)	দক্ষ মানবসম্পদ তৈরীর মাধ্যমে দেশের অগ্রগণ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ সমবায় একাডেমি ও আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটসমূহের আত্মপ্রকাশ। (Building Bangladesh Cooperative Academy and Cooperative Zonal Training Institutes as the Centres of Excellence in Co-operative Training and Human Resource Development.)
৭	মূল্যবোধ (Values)	একতা-সততা-সম্প্রীতি-পরিশ্রম-শৃঙ্খলা-আত্মবিশ্বাস-সাফল্য।
৮	অর্থনৈতিক প্রত্যয়	সরকারের বরাদ্দকৃত অর্থে নয়-নিজস্ব আয় থেকেই ব্যয় ও উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন। (No Additional Government Money Allocation-Own Income-Own Expenditure).
৯	সামাজিক প্রত্যয়	সমবায়ী উদ্যোক্তা সৃষ্টি-সামাজিক আন্দোলন-আলোকিত মানুষ ও দীপ্তিময় সমাজ গঠন।
১০	আমাদের আত্মবিশ্বাস (Motto)	‘আমরাও পারি’ ‘ক্ষুদ্র ক্ষুদ্র পদক্ষেপে বৃহত্তর’ অর্জন করতে।
১১	চূড়ান্ত গন্তব্য	সমবায়ীদের সমবায়-করবে তারা বিশ্বজয়।

সার্বিক প্রেক্ষাপটে সময়ের চাহিদা মিটিয়ে ‘বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা ও আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটসমূহের ব্র্যান্ডিং এবং ‘সমবায় প্রশিক্ষণে ইতিবাচক ও গুণগত পরিবর্তন সাধন’ কার্যক্রম নিম্নবর্ণিত প্রত্যয় দাবী করে:

- সমবায় প্রশিক্ষণকে ডিজিটাল বাংলাদেশ কর্মসূচির সাথে সম্পৃক্তকরণ এবং একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ ও সম্ভাবনার আলোকে উপযোগী করা।
- সমবায় আন্দোলনের সফল প্রয়োগের মাধ্যমে সমবায় অধিদপ্তরের ইতিবাচক ভাবমূর্তি (Positive Image) গঠন করা;
- বাংলাদেশ সমবায় একাডেমি ও আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটসমূহে অনুষ্ঠিত বিভিন্ন কোর্সকে গুণগত মানসম্পন্ন করা।
- প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামো ও সেবা সুবিধাদির উন্নয়নসহ বিদ্যমান সুযোগ-সুবিধার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা;
- (৫) প্রতিষ্ঠানের আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা;

- (৬) প্রতিষ্ঠানের ইতিবাচক ভাবমূর্তি বৃদ্ধি করা;
- (৭) প্রতিষ্ঠানের প্রাতিষ্ঠানিকীকরণ নিশ্চিত করা;
- (৮) প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের দায়বদ্ধতা ও জবাবদিহিতা নিশ্চিত করা;
- (৯) প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের মানব সম্পদ হিসেবে গড়ে তোলা;;
- (১০) প্রতিষ্ঠানের সেবার মান নির্দিষ্ট নির্ণায়কে সমুন্নত রাখা।
- (১১) প্রতিষ্ঠানের প্রশিক্ষকবৃন্দসহ সকল স্টাফদের দক্ষ ও গতিশীল এবং ইতিবাচক করা।
- (১২) প্রশিক্ষণ কার্যক্রমকে গতিশীল ও প্রাতিষ্ঠানিক করা।
- (১৩) প্রশিক্ষণ কোর্সকে উদ্দীপনামূলক, প্রায়োগিক, সৃজনশীল, বিনোদনধর্মী, আনন্দময়, উপভোগ্য ও শিক্ষণীয় করা।

উপরোক্ত প্রত্যয় ও দাবীকে পূরণ করার জন্য বাংলাদেশ সমবায় একাডেমি ও আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটসমূহ কার্যকর বাস্তবায়ন কর্মকাণ্ড ও কৌশল গ্রহণ করবে।

## মুখবন্ধ

পেশাভিত্তিক দায়িত্ব পালনের ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক জ্ঞান ও পুঁথিগত বিদ্যা মূল্যবান হলেও সকল ক্ষেত্রে তা যথেষ্ট নয়। সেজন্য সবধরনের পেশাতেই ইন-সার্ভিস প্রশিক্ষণের ব্যবস্থা আছে। এই প্রশিক্ষণ একইসঙ্গে তাত্ত্বিক ও প্রায়োগিক হতে হয়। একে হাতে-কলমে শিক্ষাদানও বলা যায়। সাধারণ মানুষের আর্থ-সামাজিক মুক্তির প্রকৃষ্ট পন্থা সমবায়। যারা সমবায়ী এবং যারা সমবায় বিভাগে চাকরি করেন, উভয় গ্রুপের মানুষেরই তাই পেশাগত প্রশিক্ষণ প্রয়োজন। আর এই প্রশিক্ষণদানের কাজটি করে থাকে বাংলাদেশ সমবায় একাডেমি এবং এর আওতাধীন আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহ। প্রশাসনিক প্রশিক্ষণের ক্ষেত্রে যেমন সাভারহু বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সমবায় প্রশিক্ষণের ক্ষেত্রে তেমনি কুমিল্লার কোটবাড়ীস্থ বাংলাদেশ সমবায় একাডেমি সমবায় বিভাগের জন্য শীর্ষ প্রতিষ্ঠান। সৃষ্টিলগ্ন থেকে বাংলাদেশ সমবায় একাডেমি এবং এর আওতাধীন আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহ এদেশের সমবায়ী জনগণের প্রশিক্ষণ সেবায় নিয়োজিত থেকে কার্যক্রম চালিয়ে আসছে এবং এদেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রেখে আসছে। সেজন্যই এ প্রতিষ্ঠানের বার্ষিক সাফল্য-ব্যর্থতার হালখাতা পাঠ অত্যাবশ্যিক।

সেই শুরু থেকেই বছরগুলোতে বাংলাদেশ সমবায় একাডেমি বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে আসছে। তারই ধারাবাহিকতায় এ বছরও বার্ষিক কার্যক্রম সম্বলিত প্রতিবেদন প্রকাশ হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় বর্তমান সরকারের গৃহীত বিভিন্ন যুগোপযোগী পদক্ষেপ এবং সরকারি সেবাসমূহ সহজে জনগণের দ্বারগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে বাংলাদেশ সমবায় একাডেমি সমবায় অধিদপ্তরের কর্মকর্তা, কর্মচারি এবং দেশের বিভিন্ন অঞ্চলের সমবায় সমিতির সদস্যদের পেশাগত দক্ষতা, নৈতিকতা ও সৃজনশীলতা উন্নয়নে যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান করে থাকে। এছাড়া সমবায় অধিদপ্তরের বহির্ভূত সরকারি, স্বায়ত্বশাসিত ও বিভিন্ন বাণিজ্যিক প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের চাহিদা অনুযায়ী নানা ধরনের কর্মমুখী প্রশিক্ষণ প্রদান করে থাকে। পেশাগত মান বৃদ্ধি, দক্ষতা উন্নয়ন, আত্মবিশ্বাস এবং সীমিত সম্পদের সন্ত্বহহারের মাধ্যমে নারী পুরুষ নির্বিশেষে এদেশের জনশক্তিকে দক্ষ মানব সম্পদে পরিণত করতে এ একাডেমি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সময়ের দাবি অনুযায়ী ইতোমধ্যে একাডেমির প্রশিক্ষণ পাঠ্যক্রম, কর্মসূচি ব্যবস্থাপনায় যুগোপযোগী ও বাস্তবধর্মী করার জন্যে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করে চলমান প্রশিক্ষণ কোর্সে সম্পৃক্ত করা হয়েছে। বাংলাদেশ সমবায় একাডেমি এবং এর আওতাধীন আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহের পরিসংখ্যান এবং বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কর্মকাণ্ডের একটি সামগ্রিক চিত্র তুলে ধরার উদ্দেশ্যে বাংলাদেশ সমবায় একাডেমি হতে প্রতিবছর বার্ষিক প্রতিবেদন প্রকাশ হয়ে থাকে। এ প্রতিবেদনের মাধ্যমে একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহের প্রশিক্ষণের বার্ষিক চিত্র উপস্থাপন করা হয়। বার্ষিক প্রতিবেদনে এসব বিষয়ের তথ্যভিত্তিক উপস্থাপনা থাকবে বলেই আমার বিশ্বাস।

প্রখ্যাত অর্থনীতিবিদ জন কেনেথ গলব্রেইথের উক্তি- No improvement is Possiblr with unimproved people. বাংলাদেশ সমবায় একাডেমি এবং অধীন আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহ বিভিন্ন পেশাজীবী ও সাধারণ সমবায়ী এভং বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীদের নানা প্রকার প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি তথা মানব সম্পদে পরিণত করার কাজে সম্পৃক্ত রয়েছে।

বাংলাদেশ সমবায় একাডেমি এবং এর অধীনস্থ আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহের সকল স্তরের কর্মকর্তা কর্মচারীদের অক্লান্ত পরিশ্রম এবং সকলের আন্তরিক সহযোগিতায় যথাসময়ে বার্ষিক প্রতিবেদন প্রণয়ণ এবং প্রকাশ করা সম্ভব হচ্ছে। এ জন্য প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

(মোঃ জিয়াউল হক)

অধ্যক্ষ-অতিরিক্ত দায়িত্ব

বাংলাদেশ সমবায় একাডেমি

কোটবাড়ী, কুমিল্লা।

## সম্পাদকীয় মন্তব্য

সমবায় আন্দোলনের সূচনা লগ্ন থেকেই সমবায় শিক্ষা ও প্রশিক্ষণের উপর গুরুত্ব প্রদান করা হয়েছে। বৃটিশ ভারতে ১৯১৫ সালে ম্যাকগ্লাকন কমিটির সুপারিশের ভিত্তিতে ১৯৩৬ সালে অবিভক্ত বাংলার দমদমে ১৯৩৬ সালে The Bengal Co-operative Training Institute স্থাপিত হয়। ১৯৪৭ সালের দেশভাগের পর The Bengal Co-operative Training Institute পূর্ব পাকিস্তানে নওগাঁয় স্থানান্তরিত হয়। ১৯৪৯ সালে ঢাকার পূর্বাইলে East Pakistan Co-operative Training Institute নামে নতুন একটি সমবায় প্রশিক্ষণ ইন্সটিটিউট গঠিত হয়। ১৯৬০ সালে East Pakistan Co-operative Training Institute টি East Pakistan Co-operative College নামে উন্নীত হয়। ১৯৬৩ সালে East Pakistan Co-operative College কুমিল্লার বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) ক্যাম্পাসে স্থানান্তরিত হয়। ১৯৭২ সালে East Pakistan Co-operative College টির নামকরণ করা হয় Bangladesh Co-operative College. ১৯৯৮ সালে সরকারি আদেশে এর নামকরণ হয় Bangladesh Co-operative Academy.

১৯৬৪ সালে মুজাগাছা, ফেনী, নওগাঁ ও কুষ্টিয়ায় চারটি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপিত হয়। ১৯৬৫ সালে খুলনা, মৌলভীবাজার, ফরিদপুর ও রংপুরে আরও চারটি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপিত হয়। ২০০৩ সালে বরিশালে এবং ২০১১ সালে নরসিংদীতে আরও দুটি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপিত হলে দেশে ১০টি সমবায় প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপিত হয়।

আমরা মুজিববর্ষ ও স্বাধীনতার সূবর্ণজয়ন্তীকে সামনে রেখে বাংলাদেশ সমবায় একাডেমি কর্তৃক সমবায় প্রশিক্ষণ ও সমবায় আন্দোলনের একটি ইতিবাচক ও দেশবান্ধব কর্মযজ্ঞ সম্পাদন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় আমরা প্রণয়ন করেছি মুজিব বর্ষে বাংলাদেশ সমবায় একাডেমি ও আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইন্সটিটিউটসমূহের ব্র্যান্ডিং কর্মপরিকল্পনা। এই সুদূরপ্রসারী কর্মপরিকল্পনার অংশ হিসেবে প্রকাশিত হচ্ছে বাংলাদেশ সমবায় একাডেমির বার্ষিক প্রতিবেদন: ২০২১- ২০২২।

সমবায় অধিদপ্তরের আওতাধীন বাংলাদেশ সমবায় একাডেমি জাতীয় পর্যায়ে একমাত্র সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠান। একাডেমির আওতায় রয়েছে দেশের বিভিন্ন অঞ্চলে আরও ১০(দশ)টি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইন্সটিটিউট। বর্তমান সরকারের যে লক্ষ্য অর্থাৎ “ভিশন-২০৪১” বাস্তবায়ন, “টেকসই উন্নয়ন” এবং সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা অর্জনের লক্ষ্যে বাংলাদেশ সমবায় একাডেমি এবং আওতাধীন ১০(দশ)টি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইন্সটিটিউটসমূহে বিভিন্ন ইনোভেশন আইডিয়া, ই-ফাইলিং, ই-লানিং, এপিএ, ইউডিসি, নেশন্যাল ওয়েব পোর্টাল এবং আত্ম-কর্মসংস্থানমূলক বিভিন্ন আইজিএ প্রশিক্ষণ কোর্স চলমান প্রশিক্ষণ কার্যক্রমে অন্তর্ভুক্ত করে অত্যন্ত নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করে যাচ্ছে। সেই লক্ষ্যে বাংলাদেশ সমবায় একাডেমি এবং তার আওতাধীন ১০(দশ)টি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইন্সটিটিউট সমবায় অধিদপ্তরের নিজস্ব জনবল ও সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যসহ সাধারণ সদস্যদেরকে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করে থাকে। এসব প্রশিক্ষণের গুণগতমান উন্নয়নে প্রয়োজনীয় ক্ষেত্রে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম এবং National Skill Development authority (NSDA) এর সহযোগিতা নেয়া হচ্ছে।

Human Resource Development (HRD) বা মানব সম্পদ উন্নয়নের একমাত্র উপায় হচ্ছে প্রশিক্ষণ। আর্থ-সামাজিক উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, বেকারত্ব হ্রাস, আত্ম-কর্মসংস্থান সৃষ্টি, নৈতিকতা, নারীর ক্ষমতায়ন, যৌতুক সমস্যা, নেতৃত্বের বিকাশ, সামাজিক বৈষম্য নিরসন সর্বোপরি টেকসই উন্নয়নে সমবায়ের বিকল্প নেই। ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়, পুঁজিগঠন ও বিনিয়োগের মাধ্যমে স্বাবলম্বী এবং আত্মনির্ভরশীলতা অর্জন সমবায়ের মূলভিত্তি। মূলতঃ একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্যে জনশক্তিকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানব সম্পদে রূপান্তর করার লক্ষ্যে বাংলাদেশ সমবায় একাডেমি ও এর আওতাধীন আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইন্সটিটিউটসমূহ একযোগে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বাংলাদেশ সমবায় একাডেমি ও এর আওতাধীন আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইন্সটিটিউটসমূহের বিগত বছরের সার্বিক কার্যক্রম নিয়ে প্রকাশিত এ বার্ষিক প্রতিবেদনের সাথে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

(মোঃ জিয়াউল হক)

উপাধ্যক্ষ

বাংলাদেশ সমবায় একাডেমি

কোটবাড়ী, কুমিল্লা।

## সমবায়ের সাংবিধানিক স্বীকৃতি ও মনীষীগণের বানী

১৩। উৎপাদনযন্ত্র, উৎপাদনব্যবস্থা ও বন্টনপ্রণালীসমূহের মালিক বা নিয়ন্ত্রক হইবেন জনগণ এবং এই উদ্দেশ্যে

মালিকানা-ব্যবস্থা নিম্নরূপ হইবে:

- (ক) রাষ্ট্রীয় মালিকানা, অর্থাৎ অর্থনৈতিক জীবনের প্রধান প্রধান ক্ষেত্র লইয়া সূচু ও গতিশীল রাষ্ট্রায়ত্ত্ব সরকারী খাত সৃষ্টির মাধ্যমে জনগণের পক্ষে রাষ্ট্রের মালিকানা;
- (খ) সমবায়ী মালিকানা, অর্থাৎ আইনের দ্বারা নির্ধারিত সীমার মধ্যে সমবায়সমূহের সদস্যদের পক্ষে সমবায়সমূহের মালিকানা; এবং
- (গ) ব্যক্তিগত মালিকানা, অর্থাৎ আইনের দ্বারা নির্ধারিত সীমার মধ্যে ব্যক্তির মালিকানা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের পবিত্র সাংবিধানের সমবায় খাতের স্বীকৃতি

আমার দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে, আশ্রয় পাবে, শিক্ষা পাবে উন্নত জীবনের অধিকারী হবে- এই হচ্ছে আমার স্বপ্ন। এই পরিপেক্ষিতে গণমুখী সমবায় আন্দোলনকে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। কেননা সমবায়ের পথ-সমাজতন্ত্রের পথ, গণতন্ত্রের পথ।

জাতির পিতার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

৩০ জুন ১৯৭২ তারিখে বাংলাদেশ জাতীয় সমবায় ইউনিয়ন কর্তৃক আয়োজিত সমবায় সম্মেলনে প্রদত্ত বাণী

সরকারের উন্নয়ন প্রচেষ্টায় সমবায় সম্ভাবনাময় শক্তি। সমবায়ের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। দারিদ্র্যের অভিশাপ থেকে মুক্তি পেতে সমবায় সহায়ক শক্তি হতে পারে। দেশের উন্নয়নকে ত্বরান্বিত করার ক্ষেত্রে সমবায় একটি পরীক্ষিত কৌশল।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

২৫ নভেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে

৪৭তম জাতীয় সমবায় দিবস এবং জাতীয় সমবায় পুরস্কার ২০১৬ ও ২০১৭ বিতরণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রদত্ত বক্তব্য

we will not measure the success of the Movement by the number of cooperative societies formed, but by the moral condition of the cooperators.

Mahatma Gandhi

A SMALL BODY OF DETERMINED SPIRITS FIRED BY AN UNQUENCHABLE FAITH IN THEIR MISSION CAN ALTER THE COURSE OF HISTORY.

Mahatma Gandhi

NOTHING TRULY VALUABLE CAN BE ACHIEVED EXCEPT BY THE UNSELFISH COOPERATION OF MANY INDIVIDUALS.

Albert Einstein

CO-OPERATIVES HAVE A KEY ROLE TO PLAY IN THE ECONOMIC, SOCIAL AND ENVIRONMENTAL PILLARS OF SUSTAINABLE DEVELOPMENT.

Juan Somavia, Former ILO Director-General

বঙ্গবন্ধুর দর্শন সম্বন্ধে উন্নয়ন

বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহের তথ্যাবলি



## বাংলাদেশ সমবায় একাডেমির প্রাথমিক তথ্যাবলী

### ❖ বাংলাদেশ সমবায় একাডেমির পরিচিতি :

বাংলাদেশ সমবায় একাডেমি, সমবায় অধিদপ্তর এর নিয়ন্ত্রণাধীন সর্বোচ্চ এবং জাতীয় পর্যায়ে একমাত্র প্রশিক্ষণ প্রতিষ্ঠান। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় সমবায় অধিদপ্তরের একটি সংযুক্ত দপ্তর। কুমিল্লা শহর থেকে ১০ (দশ) কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের পশ্চিম পার্শ্বে ময়নামতি সেনানিবাস সংলগ্ন দক্ষিণ পার্শ্বে কোটবাড়ীতে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) এর সাথে একই ক্যাম্পাসে এর অবস্থান। কোটবাড়ী একটি ঐতিহাসিক স্থান। বৌদ্ধ সভ্যতার অন্যতম নিদর্শন শালবন বিহার এখানে অবস্থিত। এই শালবন বিহার আজ থেকে প্রায় ১২০০ বছর আগে জ্ঞান অর্জনের এক পাদপীঠ ছিল। ১২০০ বছর পরও কোটবাড়ী শিক্ষা অর্জনের অন্যতম স্থান হিসেবে দেশ ও বিদেশে সমানভাবে খ্যাত। কুমিল্লার একাডেমিক জোন নামে খ্যাত পাহাড় ঘেরা সবুজ শ্যামল পাখি ডাকা গাছপালা তরলতা পাতা পল্লবে ঢাকা এক নয়নাভিরাম প্রাকৃতিক সভ্যতার লালনভূমি এক ঐতিহাসিক স্থানে অবস্থানের জন্য নিশ্চিতভাবেই বাংলাদেশ সমবায় একাডেমি গৌরব বোধ করে।

### ❖ বাংলাদেশ সমবায় একাডেমি প্রতিষ্ঠার ঐতিহাসিক পটভূমি :

সমবায়ের লক্ষ্য হচ্ছে দেশের স্বল্প বিত্ত মানুষ তথা আপামর জনসাধারণের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি সাধন করা। তাই বিংশ শতাব্দীর গোড়ার দিকে বৃটিশ শাসনামলে ১৯০৪ সালে অবিভক্ত ভারতে সমবায় আইন জারির মাধ্যমে সমবায় আন্দোলনের সূত্রপাত হয় এবং ক্রমে এর কার্যক্রম সর্ব সাধারণের মাঝে ছড়িয়ে পড়ে। ফলে সুশৃংখল ব্যবস্থাপনা পরিচালনায় এতদধ্বলে সর্বত্র সমবায় শিক্ষা ও প্রশিক্ষণের প্রয়োজনীয়তা ব্যাপকভাবে অনুভূত হয়। এই অনুভূতি ও উপলব্ধি থেকেই সমবায় বিষয়ক প্রশিক্ষণ প্রতিষ্ঠানের আত্মপ্রকাশ।

### ❖ ইংরেজ আমলে সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠান :

ঐতিহাসিক ধারাবাহিকতায় সমবায় সমিতির ব্যবস্থাপনা যোগ্যতা এবং আর্থিক বিনিয়াদ বৃদ্ধি ও নেতৃত্বে উৎকর্ষতা বৃদ্ধির জন্য ১৯১৫ সালে ম্যাকলাগান কমিটি সমবায়ীদের প্রশিক্ষণ প্রক্রিয়ার বিস্তারিত সুপারিশ পেশ করে। দেশে সমবায় কর্মকাণ্ড প্রসারের সাথে প্রশিক্ষণের চাহিদা বৃদ্ধি লাভ করে। তৎপ্রেক্ষিতে দেশ বিভাগের পূর্বে তদানীন্তন অবিভক্ত বাংলার কলকাতার দমদমে ১৯৩৬ সালে “দি বেংগল কো-অপারেটিভ ট্রেনিং ইনস্টিটিউট” স্থাপিত হয়। এতদধ্বলে তৎকালীন সমবায় শিক্ষা ও প্রশিক্ষণের কাজ উক্ত প্রতিষ্ঠানের মাধ্যমেই সম্পন্ন করা হত।

### ❖ দেশ বিভাগোত্তর সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠান :

১৯৪৭ সালে ভারত বিভক্তির পর তৎকালীন পূর্ব পাকিস্তান অংশে সমবায় শিক্ষা ও প্রশিক্ষণের ক্ষেত্রে শূন্যতার সৃষ্টি হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় “দি বেংগল কো-অপারেটিভ ট্রেনিং ইনস্টিটিউট” বর্তমান বাংলাদেশের নওগাঁতে স্থানান্তর করা হয়। তৎকালীন পূর্ব পাকিস্তানের জন্য ১৯৪৯ সালে নতুন নামে “ইস্ট পাকিস্তান কো-অপারেটিভ ট্রেনিং ইনস্টিটিউট” নামে ঢাকা থেকে ২৫ মাইল উত্তরে পূর্বাইলে একটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপিত হয়। সেখানে একটি পরিত্যক্ত জমিদার বাড়িতে প্রতিষ্ঠানটি প্রশিক্ষণ কার্যক্রম শুরু করে। ১৯৬০ সাল পর্যন্ত সেখানে সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারি ও সমবায়ীদের সমবায় বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে। প্রদেশের প্রশিক্ষণ চাহিদা অনুযায়ী উক্ত ইনস্টিটিউটে প্রদত্ত প্রশিক্ষণ ক্ষমতা ও সুবিধাদি ছিল খুবই অপ্রতুল।

### ❖ ইনস্টিটিউটকে কলেজে উন্নীতকরণ :

প্রশিক্ষণের ক্রমাগত চাহিদা পূরণের লক্ষ্যে ১৯৬০ সালে বিদ্যমান সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটকে জাতীয় পর্যায়ে শীর্ষ সমবায় শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে সমবায় কলেজে উন্নীত করা হয় এবং তখন থেকেই এ প্রতিষ্ঠান সমবায় বিষয়ক শীর্ষ প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসাবে কাজ করে আসছে। একই সময়ে এটিকে পূর্বাইল থেকে ঢাকাস্থ গ্রীন রোডে ভাড়া বাড়িতে স্থানান্তর করা হয়। সেখানে তিন বছরের কিছু বেশি সময় যাবৎ প্রশিক্ষণের কাজ চলেছে।

## ❖ কুমিল্লার কোটবাড়ীতে কলেজের স্থানান্তর :

সমবায় প্রশিক্ষণের ক্রমবর্ধমান চাহিদা মেটানোর ক্ষেত্রে কেবল মাত্র সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটকে আবাসিক কলেজে উন্নীতকরণই যথেষ্ট ছিল না। তাই ১৯৬২-৬৩ সালে এটিকে কেন্দ্র করে একটি উন্নয়ন প্রকল্প হাতে নেয়া হয়, যার আওতায় কলেজটি পুনরায় ১৯৬৩ সালে ঢাকা থেকে কোটবাড়ী, (বার্ড প্রাঙ্গণে) কুমিল্লায় স্থানান্তর করা হয়। কুমিল্লার কোটবাড়ীতে প্রতিষ্ঠিত বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমির (বার্ড) প্রাঙ্গণে ১০.৩৪ একর জমিতে ০৫টি বিচ্ছিন্ন খণ্ডে সমবায় কলেজের নিজস্ব প্রশাসনিক ভবন, হোস্টেল ভবন এবং কর্মকর্তা/ কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মাণ করা হয়। তখন থেকে “পূর্ব পাকিস্তান সমবায় কলেজ” নামে প্রতিষ্ঠানটি এখানে কার্যক্রম চালিয়ে আসছে।

## ❖ স্বাধীনতা পরবর্তী সমবায় একাডেমি প্রতিষ্ঠা :

মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীনতা লাভের পর ১৯৭২ সালে অত্র প্রতিষ্ঠানের পুনঃনামকরণ করা হয় “বাংলাদেশ সমবায় কলেজ”। পরবর্তীতে ১৯৯৮ সালে সরকারের আদেশ বলে কলেজের নাম পরিবর্তন করে “ বাংলাদেশ সমবায় একাডেমি” নামকরণ করা হয়।

## ❖ একাডেমির ভিশন :

দক্ষ মানব সম্পদ তৈরীতে একটি সৃজনশীল ও আধুনিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান।

## ❖ একাডেমির মিশন :

সমবায় সদস্য ও সমবায় বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণকে দক্ষ মানবসম্পদে পরিণত করার লক্ষ্যে যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান ও সৃজনশীল কার্যক্রম পরিচালনা করা।

## ❖ লক্ষ্য ও উদ্দেশ্য :

বাংলাদেশ সমবায় একাডেমি বাংলাদেশের শীর্ষ সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠান। সমবায় প্রশিক্ষণ সংক্রান্ত সার্বিক বিষয়াদি অত্র প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত ও নিয়ন্ত্রিত হয়। এ প্রতিষ্ঠান আর্থ-সামাজিক উন্নয়নে একটি স্বীকৃত ও সর্বজন গ্রহণযোগ্য পদ্ধতি সমবায়কে জনসাধারণের কাছে গ্রহণযোগ্য ও জনপ্রিয় করার জন্য কাজ করে যাচ্ছে। দেশের জনগণের সার্বিক আর্থ-সামাজিক উন্নয়ন ও সরকারের গৃহীত উন্নয়ন পরিকল্পনায় অংশগ্রহণের জন্য বাংলাদেশ সমবায় একাডেমি নিম্নোক্ত লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে কাজ করছে:

- (১) বাংলাদেশ সমবায় একাডেমি ও এর অধীনস্থ ১০টি আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটের জন্য উন্নয়ন পরিকল্পনা ও প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন করা।
- (২) উন্নত প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল অবলম্বনের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা।
- (৩) সমবায় সমিতির সদস্য ও কর্মকর্তাদের নেতৃত্বের বিকাশ ঘটানো এবং এ বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করা।
- (৪) বিভিন্ন শ্রেণির প্রশিক্ষণ বিশেষ করে আইজিএ প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি করে সরকারের রূপকল্প ২০২০-২০২১ বাস্তবায়নের ক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখা।
- (৫) জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে উচ্চ নৈতিক মূল্যবোধ সম্পন্ন সমবায় নেতৃত্ব তৈরী করা।
- (৬) Innovation, E-Filing, E-Learning, Annual Performance Agreement (APA), National Web Portal এসব বিষয় প্রশিক্ষণে অন্তর্ভুক্ত করার মাধ্যমে দক্ষ ও যোগ্য কর্মী গঠন করে সরকারের ডিজিটাল বাংলাদেশ।
- (৭) সমবায়ের বিভিন্ন ক্ষেত্রে সেমিনার, কর্মশালা সংগঠন ও পরিচালনা করা।
- (৮) প্রশিক্ষক প্রশিক্ষণের আয়োজন করা।
- (৯) সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা সফল বাস্তবায়নের ক্ষেত্রে কার্যকরী ভূমিকা পালন করা এবং
- (১০) সরকারের গৃহীত প্রকল্প ও কর্মসূচির জন্য প্রয়োজ্য বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করা।

যোগাযোগের ঠিকানা :

অধ্যক্ষ

বাংলাদেশ সমবায় একাডেমি

কোটবাড়ী, কুমিল্লা।

ফোন : ০৮১-৭৬০১৭

ওয়েব সাইট : [www.bca.gov.bd](http://www.bca.gov.bd)

E-mail: [bcacomilla@gmail.com](mailto:bcacomilla@gmail.com)

FB/Bangladesh Cooperative Academy

## (খ) বাংলাদেশ সমবায় একাডেমির আওতাধীন আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহ :

সময়ের সাথে সাথে প্রশিক্ষণ চাহিদা বৃদ্ধি পাওয়ায় বাংলাদেশ সমবায় একাডেমির প্রশাসনিক নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানে দেশের বিভিন্ন অঞ্চলে ১০টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট স্থাপন করা হয়। এগুলোর সংক্ষিপ্ত পরিচিতি নিম্নে তুলে ধরা হলো :

### (০১) আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, কুষ্টিয়া

বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুর, বাউল সঙ্গীত লালনশাহ্ এবং কালজয়ী “বিষাদ সিন্ধু” রচয়িতা সাহিত্য কর্মী মোশাররফ হোসেন বৃটিশ বিরোধী আন্দোলনের পুরোধা বাঘা যতিনের স্মৃতিচারণভূমিতে আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, কুষ্টিয়া। সমবায় অধিদপ্তরের ১০ (দশ) টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটের মধ্যে অন্যতম একটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান। এই ইনস্টিটিউট কর্তৃক বিভিন্ন শ্রেণীর সমবায় সমিতির নেতৃবৃন্দ ও সদস্যবৃন্দ এবং সমবায় বিভাগীয় মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের জ্ঞানের বিকাশ, পেশাগত দক্ষতা বৃদ্ধি এবং দৃষ্টি ভঙ্গির পরিবর্তনের লক্ষ্য প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।

### ইনস্টিটিউটের অবস্থান ও কার্যকরী এলাকা

আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, কুষ্টিয়া শহরের প্রাণ কেন্দ্র পি.টি.আই. রোড, কাস্টম মোড় সংলগ্ন ০২ (দুই) একর জমির উপর অবস্থিত। এর আওতার ০৬ (ছয়) টি জেলা যথাঃ কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মাগুড়া ও পাবনা জেলার অন্তর্ভুক্ত প্রশিক্ষার্থীদের সমবায় ব্যবস্থাপনা এবং বিভিন্ন ট্রেডে(হস্ত শিল্প, ব্লক ও বাটিক, গাভীপালন, মোবাইল সার্ভিসিং) আয়বর্ধকমূলক প্রশিক্ষণ প্রদান করে থাকে। তাছাড়া সমবায় অধিদপ্তরের কর্মচারীদের পেশাগত প্রশিক্ষণসহ সরকারের বিভিন্ন প্রকল্পের নির্ধারিত প্রশিক্ষণ সম্পন্ন করে আসছে। অত্র ইনস্টিটিউট বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লার প্রশাসনিক নিয়ন্ত্রণে দায়িত্ব পালন করে থাকে।

০২. ২০২১ - ২০২২ অর্থ বছরে উল্লেখযোগ্য কার্যক্রম :

ক) প্রশাসনিক ভবন ও প্রশাসনিক ক্যাম্পাস/এলাকা।

ক্রঃ নং	কাজের বিবরণ	সম্পাদিত কাজসমূহ
০১.	হোস্টেল ভবন মেরামত।	হোস্টেলের ছাদের বিভিন্ন স্থানে ভাংগা জায়গা, ভিতরে এবং বাহিরে দেয়াল, রং করা, দরজা, জানালা এবং খাট মেরামত করা হয়েছে।
০২.	ড্রেন ও পানির লাইন মেরামত	অত্র ইনস্টিটিউটের চারপাশের বন্ধ এবং ভাঙ্গা ড্রেনের মেরামত করা হয়েছে। হোস্টেলের প্রশাসনিক ও হোস্টেল ভবনের পানির লাইনের মেরামত করা হয়েছে।

খ) হোস্টেল ভবন ও হোস্টেল ক্যাম্পাস/এলাকা।

ক্রঃ নং	কাজের বিবরণ	সম্পাদিত কাজসমূহ
০১.	ভিআইপি রুম ০১	ইন্ট্রিয়র কাজের মাধ্যমে ভিআইপি রুমে সু-সজ্জিত ও আধুনিকায়ন করা হয়েছে।
০২.	ভিআইপি রুম ০২	নতুন একটি ভিআইপি কক্ষ তৈরী যা ইন্ট্রিয়র কাজের মাধ্যমে ভিআইপি রুমে সু-সজ্জিত ও আধুনিকায়ন করা হয়েছে।
০৩.	অধ্যক্ষের অফিস কক্ষ	অধ্যক্ষের অফিস কক্ষ ইন্ট্রিয়র কাজের মাধ্যমে সু-সজ্জিত ও আধুনিকায়ন করা হয়েছে।

আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, কুষ্টিয়ায় ২০২১ - ২০২২ অর্থ বছরে কর্মরত কর্মকর্তা/কর্মচারির তালিকা :

ক্রমিক নং	নাম	পদবী
০১	আবু ইউসুফ মিয়া	অধ্যক্ষ,উপ-নিবন্ধক
০২	সৈয়দ নূরুল কুদ্দুস	উপাধ্যক্ষ,সহকারীনিবন্ধক
০৩	মোঃ মাহমুদুল হাসান	পরিদর্শক
০৪	মোঃ আসাদুজ্জামান	পরিদর্শক
০৫	রনজতি মন্ডল	প্রধানসহকারী
০৬	মোঃ মাসুদ-উ-জ্জামান	অফিসসহকারী
০৭	মোঃ সোহেল রানা	অফিসসহায়ক
০৮	রেহেনা পারভীন	কুক
০৯	মোঃ গোলাম মোস্তফা	মেটস
১০	মোঃ লিটন মিয়া	নিরাপত্তাপ্রহরী

➤ যোগাযোগের ঠিকানা :

অধ্যক্ষ

আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট

পিটিআই রোড, কুষ্টিয়া।

ফোন : ০৭১-৬১৯২৫

ই-মেইল : [principal\\_kushtiaczi@yahoo.com](mailto:principal_kushtiaczi@yahoo.com)

## (০২) আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, মৌলভীবাজার :

বাংলাদেশের মতো একটি উন্নয়নশীল দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সমবায়ের ভূমিকা অনস্বীকার্য। গ্রামীণ জীবনের উন্নতি, শ্রীবৃদ্ধি এবং আর্থ-সামাজিক উন্নয়নে সমবায়ের বিকল্প নেই। সমবায়ের আদর্শ অনুসরণ ও বাস্তবায়নের ফলে বাংলাদেশ সহ পৃথিবীর অন্যান্য দেশের আর্থনীতির বিভিন্ন ক্ষেত্রে প্রভূত উন্নতি সাধিত হয়েছে। সমবায় সমিতি সমূহকে সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজন দক্ষ সমবায়ী/কর্মী। এ ধরনের কর্মী বাহিনী সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে তৈরি করা সম্ভব নয় বিধায় আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, মৌলভীবাজার নিয়মিত ভাবে সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী এবং সমবায়ীদের বিভিন্ন মেয়াদ ও ধরনের পেশাগত প্রশিক্ষণ, আই.জি.এ. প্রশিক্ষণ, সমবায় সমিতি ব্যবস্থাপনা প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ প্রদান করে থাকে।

### ইনস্টিটিউট এর অবস্থান :

আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, মৌলভীবাজার, প্রশিক্ষণ প্রতিষ্ঠানটি ১৯৬৬ সালে ভাড়া বাড়ীতে প্রথম কার্যক্রম শুরু করে। ১৯৬৬ সালে সরকারের নিজস্ব অর্থায়নে একটি উন্নয়ন প্রকল্পের আওতায় ২০০২ সালে নতুন উদ্যমে বর্তমান ঠিকানায় (গোমড়া, মৌলভীবাজার শহর থেকে ৫ কি: মি: দক্ষিণে ঢাকা সিলেট মহাসড়কে নতুন জেলখানার বিপরীতে) ১.৫০ একর জমির উপর নিজস্ব ভবনে অবস্থিত।

### প্রশাসনিক ও একাডেমিক ভবন :

আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, মৌলভীবাজারে ০১ টি একাডেমিক ভবন রয়েছে। অত্র একাডেমিক ভবনে অধ্যক্ষ মহোদয়ের অফিস কক্ষ, প্রশাসনিক অফিস, প্রশিক্ষকদের জন্য অফিস কক্ষ, সমবায়ীদের প্রশিক্ষণের জন্য ০১ টি কম্পিউটার ল্যাব, প্রশাসনিক ও একাডেমিক ভবনের ৩য় তলায় সুন্দর মনোরম পরিবেশে সমবায়ীদের প্রশিক্ষণের জন্য ০১ সেলাই প্রশিক্ষণ কক্ষ রয়েছে ও অন্যান্য প্রশিক্ষণের জন্য সমবায়ীদের আর্থ-সামাজিক উন্নয়নে প্রশাসনিক ও একাডেমিক ভবনের নিচ তলায় ০১ টি প্রশিক্ষণ কক্ষ রয়েছে। শুরু থেকেই ইনস্টিটিউটটি ইহার অধিভুক্ত কর্ম এলাকার ০৫ টি জেলায় (সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ এবং ব্রাহ্মণবাড়িয়া) সমবায়ীদের সমবায় ব্যবস্থাপনা, আয়বর্ধকমূলক (আই.জি.এ.) প্রশিক্ষণ, সমবায় অধিদপ্তরের কর্মচারীদের দক্ষ সরকারী কর্মী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে পেশাগত প্রশিক্ষণসহ সরকারের বিভিন্ন প্রকল্পের নির্ধারিত প্রশিক্ষণ দিয়ে আসছে। ইনস্টিটিউটটি বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লার প্রশাসনিক নিয়ন্ত্রণে দায়িত্ব পালন করে থাকে।

### হোস্টেল ভবন :

আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, মৌলভীবাজারে ০১ টি হোস্টেল ভবন রয়েছে। অত্র হোস্টেল ভবনে প্রশিক্ষার্থীদের অবস্থানের জন্য উন্নতমানের থাকা ও খাওয়ার সুব্যবস্থা রয়েছে। হোস্টেলে ভবনে ০২ টি ভিআইপি কক্ষ রয়েছে। আগত প্রশিক্ষার্থীদের জন্য ০১ টি বিনোদন কক্ষ রয়েছে। তাছাড়া সৌরবিদ্যুৎ ও জেনারেটরের ব্যবস্থা রয়েছে।

### প্রশিক্ষণ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা সমূহ :

- শ্রেণীকক্ষে প্রজেক্টরের ব্যবস্থা রয়েছে।
- শ্রেণীকক্ষে প্রশিক্ষার্থীদের জন্য এসি ব্যবস্থা রয়েছে।
- প্রশিক্ষার্থীদের জন্য ক্যাম্পাসের ভেতরে খেলাধুলার সুবিধা রয়েছে।

- প্রশিক্ষার্থীদের জ্ঞান চর্চার ০১ টি লাইব্রেরী রয়েছে।

৫। অত্র ইনস্টিটিউটের জনবল কাঠামো : রাজস্ব খাতে আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, মৌলভীবাজার এ মোট জনবল মাত্র ১৩ (তের) জন। এদের মধ্যে অধ্যক্ষ ০১ জন, উপাধ্যক্ষ ০১ জন, ০৩ জন অনুদেষ্টা/প্রশিক্ষক, প্রধান সহকারী, অফিস সহকারী এবং ০৩ জন অফিস সহায়ক রয়েছেন। এছাড়া নিরাপত্তা প্রহরী এবং ০১ জন বাবুর্চি আছে। যারা রুটিন দাপ্তরিক কার্যক্রমে সহায়তা করে থাকেন। অনুমোদিত জনবলের মধ্যে ২ টি পদ এখনও শূণ্য রয়েছে। আবাসিক প্রশিক্ষণ সেন্টার হওয়ায় শৈশীকক্ষ, হোস্টেল, ক্যাফেটেরিয়া, বাগান, নিরাপত্তা রক্ষা ও ক্যাম্পাস পরিচ্ছন্নতার মত নিয়মিত কাজের জন্য রাজস্ব খাতে কোন সহায়ক পদ না থাকায় নিজস্ব আয় থেকে অনিয়মিত কর্মচারী দিয়ে জরুরী সেবা কার্য চালাতে হচ্ছে।

ক্র. নং	নাম	পদবী	যে তারিখ হতে কর্মরত
০১	জনাব তোফায়েল আহম্মদ	অধ্যক্ষ-উপনিবন্ধক	৩১/০৫/২০২২ খ্রি:
০২	জনাব মোস্তফা কামাল	প্রশিক্ষক	২৬/০৬/২০২২০ খ্রি:
০৩	জনাব মোহাম্মদ জালাল উদ্দিন	প্রশিক্ষক	১৭/১০/২০১৯ খ্রি:
০৪	মোঃ রেহান উদ্দিন	উচ্চমান সহকারী	১৩/১২/২০১৭ খ্রি:
০৫	মোঃ আশরাফ উদ্দিন	অফিস সহকারী	০৫/০১/২০২১ খ্রি:
০৬	মোঃ আব্দুল খালিক	অফিস সহায়ক	১৪/০৬/২০১৫ খ্রি:
০৭	শরিফা বেগম	অফিস সহায়ক	১৮/০৪/২০২২ খ্রি:
০৮	মন্টু মালিকার	অফিস সহায়ক	২৫/০৬/২০২০ খ্রি.
০৯	আবু বকর সিদ্দীক	সহকারী বাবুর্চি (মেটস)	২৭/০৯/২০২০ খ্রি:
১০	অলি আহম্মদ	নিরাপত্তা প্রহরী	২২/০৫/২০২২খ্রি:

➤ যোগাযোগের ঠিকানা :

অধ্যক্ষ

আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট

মৌলভীবাজার। (নতুন জেলা কারাগারের বিপরীতে)

ফোন : ৮৮০৭১-৬১৯২৫, ০৮৬১-৫২৪৩৪

ই-মেইল : [czimoulvibazar@gmail.com](mailto:czimoulvibazar@gmail.com)

### (০৩) আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফরিদপুর :

দক্ষ মানব সম্পদ তৈরির লক্ষ্য নিয়ে আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফরিদপুর ১৯৬৬ সালে যাত্রা শুরু করে। প্রথমে ভাড়া বাড়িতে এর কার্যক্রম শুরু হয়। ১৯৯৬-৯৭ অর্থ বছরে শহরের গোয়ালচামট এলাকায় এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠিত হয়। বৃহত্তর ফরিদপুর অর্থাৎ ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর ও রাজবাড়ী জেলার সমবায় সমিতির সদস্য এবং সমবায় বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। সমবায় সমিতি পরিচালনার জন্য সমিতি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ এবং সমিতির সদস্যদের আয়-বর্ধন মূলক কর্মকান্ড বৃদ্ধির জন্য (IGA-Income Generating Activities) প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া সমবায় বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়। সাধারণত ৫/১০ দিন মেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়। সমবায় সমিতি পরিচালনা বিষয়ক সমিতি ব্যবস্থাপনা/হিসাব সংরক্ষণ এবং আইজিএ- কম্পিউটার, ব্লক-বাটিক, সেলাই, ক্রিস্টাল, শোপিচ, মৌমাছি চাষ, পাট পণ্য প্রস্তুত, গরু মোটাতাজাকরণ, গাভী পালন ইত্যাদি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। মানসম্মত প্রশিক্ষণ প্রদানের জন্য অত্র ইনস্টিটিউট কাজ করে যাচ্ছে।

### ২০২১ - ২০২২ সনের উল্লেখযোগ্য কার্যক্রম :

ক) প্রশাসনিক ভবন ও প্রশাসনিক ক্যাম্পাস/এলাকা

ক্রঃ নং	কাজের বিবরণ	সম্পাদিত কাজসমূহ
০১	ক্লাস রুমে এসি ক্রয়	সম্পাদিত
০২	ক্লাস রুমে ইন্ট্রেরিয়োর করণ	সম্পাদিত
০৩	অধ্যক্ষ মহোদয়ের রুমে ইন্ট্রেরিয়র ডিজাইন এর কাজ।	সম্পাদিত
০৪	প্রশাসনিক ভবনের রং করণ।	সম্পাদিত
০৫	দুইটি বাথরুমে টাইলস ও হাই কমোড স্থাপন।	সম্পাদিত
০৬	নতুন সোফাসেট ক্রয়।	সম্পাদিত
০৭	অফিসের জন্য ফ্রিজ টেলিভিশন ক্রয়	সম্পাদিত
০৮	দ্বিতীয় তলার ক্লাসরুমে নকশা স্থাপন	সম্পাদিত

ক) হোস্টেল ভবন ও হোস্টেল ক্যাম্পাস/এলাকা

ক্রঃ নং	কাজের বিবরণ	সম্পাদিত কাজসমূহ
০১	হোস্টেল ভবনের ভিআইপ রুমে একটি এসি ক্রয়	সম্পাদিত
০২	হোস্টেল ভবনের তৃতীয় তলা তিনটি কক্ষ নির্মাণ।	সম্পাদিত
০৩	ডাইনিং রুম, বারান্দা ও সিঁড়িতে টাইলস স্থাপন।	সম্পাদিত
০৪	হোস্টেল ভবনে রং করণ	সম্পাদিত
০৫	তৃতীয় তলায় বাথরুম স্থাপন	সম্পাদিত
০৬	নতুন করে সৌর বিদ্যুৎ সংযোগ গ্রহণ।	সম্পাদিত
০৭	নতুন কলাপসিবল গেট স্থাপন	সম্পাদিত
০৮	তৃতীয় তলায় তিনটি রুমে সিলিং স্থাপন	সম্পাদিত

ইনস্টিটিউটে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের তালিকা

ক্রং নং	কর্মকর্তা/কর্মচারীদের নাম	পদবী	মোবাইল নম্বর
০১	খোন্দকার হুমায়ুন কবীর	অধ্যক্ষ	০১৭১২-০৮০১৫৯
০২	এস.এম.শরিফুল ইসলাম	প্রশিক্ষক	০১৮২৮-১৫৮৩৪৯
০৩	মোহাম্মদ আকতারুজ্জামান	প্রশিক্ষক	০১৭১২-৭০০৩০৮
০৪	মুহাঃ নায়েব আলী	প্রশিক্ষক	০১৯১১-৬০৩৭৪৮
০৫	মোঃ হুমায়ুন কবীর	উচ্চমান সহকারী	০১৮৫৮-০৯৯৪০৮
০৬	মোঃ মনির হোসেন	অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর	০১৭৫২-১০৯১২০
০৭	শেখ আব্দুল জলিল	অফিস সহায়ক	০১৭৪৭-৫৮৪৩৬৯
০৮	মোঃ জাহিদ হোসেন	অফিস সহায়ক	০১৭৪৬-৬৬৯০৬৬
০৯	মোঃ মিজানুর রহমান বিশ্বাস	অফিস সহায়ক	০১৯১৩-৮২৯৫৬০
১০	মোঃ জসিম উদ্দীন তালুকদার	সহকারী বাবুর্চি	০১৬৩৮-৩৭৩১৯৭
১১	মোঃ খোকন ফকির	নিরাপত্তা প্রহরী	০১৯১৭-৬১৯৮৯৫

➤ যোগাযোগের ঠিকানা :

অধ্যক্ষ

আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট

গোয়ালচামট, চৌধুরী বাড়ি, ফরিদপুর।

ফোন : ০৯২৮-৭৫৩২৬

ই-মেইল : [zcifbd@gmail.com](mailto:zcifbd@gmail.com)

[czip20@gmail.com](mailto:czip20@gmail.com)



## (০৪) আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, রংপুর :

আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, রংপুর, প্রশিক্ষণ প্রতিষ্ঠানটি ১৯৬৫ সাল হতে ১৯৯৭ সাল পর্যন্ত প্রথম ভাড়া বাসায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা শুরু করে। সরকারের নিজস্ব অর্থায়নে ১৯৯৫ইং সালে ০৯টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিত ১টি প্রশাসনিক ভবন, ১টি হোস্টেল ভবন ও অধ্যক্ষের বাসভবন ও অভ্যন্তরীণ রাস্তাসহ সুরক্ষিত সীমানা প্রাচীর নিয়ে গঠিত নতুন ক্যাম্পাস ১৯৯৮ইং সনে নতুন উদ্যোগে বর্তমান ঠিকানায় (শালবন মিজিাপাড়া, রংপুর শহরের উপকণ্ঠে) ৪.৫০ একর নিজস্ব জমির উপর নির্মিত ভবনে কার্যক্রম শুরু হয়। শুরু থেকে বৃহত্তর রংপুর ও দিনাজপুর জেলাসহ ০৮টি জেলার (রংপুর, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, নীলফামারী, গাইবান্ধা, কুড়িগ্রাম ও লালমনিরহাট) সমবায় বিভাগীয় সহকারী পরিদর্শক, অফিস সহকারী, অফিস সহায়ক ও সমবায়ীদের কে বিভিন্ন ট্রেডে নতুন আঙ্গিকে পরিচালনা শুরু করে অধ্যাবদি চালিয়ে আসছে। প্রশিক্ষণের মধ্যে রয়েছে মৌলিক প্রশিক্ষণ কোর্স, পেশাগত প্রশিক্ষণ কোর্স, কো-অপারেটিভ অডিটিং কোর্স, সমিতির হিসাব সংরক্ষণ কোর্স, সমবায় ব্যবস্থাপনা কোর্স, আইজিএ পঞ্চপালন, মোবাইল সার্ভিসিং, মৎস্য চাষ, টেইলারিং কোর্স, পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির ব্যবস্থাপনা কোর্স, আইসিটি ও ই-সিটিজেন সার্ভিস উন্নয়ন প্রকল্পের বেসিক কম্পিউটার অপারেশন কোর্স। যার ধারাবাহিকতা অব্যাহত রয়েছে। মানবসম্পদ উন্নয়নে প্রশিক্ষণের বিকল্প নেই। যার কারণে অত্র বিভাগের সমবায় ও বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীদের ১০০% অংশগ্রহণে প্রশিক্ষকদের ও অতিথি বক্তাদের পাঠদানের মধ্যে দিয়ে কোর্সগুলো সফলতার সাথে সম্পন্ন করা হয়ে থাকে। এ প্রতিষ্ঠানে ১৩ জনকর্মকর্তা/ কর্মচারী আছেন। উক্ত প্রশিক্ষণ ছাড়াও সরকারের বিভিন্ন প্রকল্পের আওতায় নির্ধারিত প্রশিক্ষণ দিয়ে আসছে। ইনস্টিটিউটটি বাংলাদেশ সমবায় একাডেমী, কোর্টবাড়ী, কুমিলার নিয়ন্ত্রণে দায়িত্ব পালন করে থাকে।

২০২১ - ২০২২ সনে উল্লেখ যোগ্য কার্যক্রম :

ক) প্রশাসনিক ভবন ও প্রশাসনিক ক্যাম্পাস/এলাকা।

ক্রঃ নং	কাজের বিবরণ	সম্পাদিত কাজসমূহ
০১.	কম্পিউটার ল্যাব	কম্পিউটার ল্যাব রুম সম্পূর্ণ টাইলস করা হয়েছে।
০২.	প্রশাসনিক ভবন	প্রশাসনিক ভবনে জলছাদ দেওয়া হয়েছে।

খ) হোস্টেল ভবন ও হোস্টেল ক্যাম্পাস/এলাকা।

ক্রঃ নং	কাজের বিবরণ	সম্পাদিত কাজসমূহ
০১.	হোস্টেল ভবন	হোস্টেল ভবনের সেমি ভিআইপি রুমে এটাস্ট বাথরুম (কমোড এবং টাইলস) করা হয়েছে।
০২.	হোস্টেল ভবন	হোস্টেল ভবনের ভিআইপি এবং সেমি ভিআইপি রুমে জন্য নতুন ডাইনিং রুম তৈরি করা হয়েছে।

২০২১ - ২০২২ অর্থ বছরে ইনস্টিটিউটে কর্মরত কর্মকর্তা/কর্মচারীরতালিকা।

ক্র. নং	নাম	পদবী
১.	মুহাঃ শাহীনুর ইসলাম	অধ্যক্ষ (অঃ দাঃ)
২.	মোঃ জাহিদুল আলম	প্রশিক্ষক
৩.	মোঃ নাজমুল আলম	প্রশিক্ষক
৪.	মোছাঃ জান্নতুল ফেরদৌস	প্রশিক্ষক
৫.	মোহাম্মদ ইমদাদুল হক	পরিদর্শক
৬.	মোঃ জোবায়ের ইসমাইল	পরিদর্শক
৭.	মুহাঃ আজাহার আলী	উচ্চমান সহকারী
৮.	মোঃ আনোয়ারুল ইসলাম	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাঃ
৯.	মোঃ খায়রুল বারী	অফিস সহায়ক
১০.	মোঃ মাহবুব আলম	অফিস সহায়ক
১১.	মোঃ আবু হোসাইন	অফিস সহায়ক
১২.	মোছাঃ রেশমা আক্তার	কুক
১৩.	মোঃ আতাউর রহমান	নিরাপত্তা প্রহরী

➤ যোগাযোগের ঠিকানা :

অধ্যক্ষ

আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট

শালবন মিস্ত্রিপাড়া, রংপুর।

ফোন : ০৫২১-৫৪৪৫৪

ই-মেইল : czirangpur.gov@gmail.com

## (০৫) আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনা :

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন সমবায় অধিদপ্তরের আওতাধীন আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনা সমবায় বিভাগের একটি সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি ১৯৬৩-৬৪/১৯৬৪-৬৫ সালে ভাড়া বাড়ীতে খুলনা শহরে ৩ নং পি সি রায় রোডে কার্যক্রম শুরু করে। খুলনা জেলার বয়রা মৌজায় ০৫.৭৯ একর জমির উপর ১৯৯৬ সালে সরকারের নিজেস্ব অর্থায়নে একটি উন্নয়ন প্রকল্পের আওতায় ২১৯ জংশন রোড (পুলিশ লাইনের পশ্চিম পার্শ্বে), বয়রা, খুলনায় ইনস্টিটিউটের নিজস্ব অবকাঠামো নির্মাণ কার্যক্রম শুরু হয়। এ প্রতিষ্ঠানের নিজস্ব জমিতে নির্মিত হয়েছে দ্বিতল প্রশিক্ষণ ও প্রশাসনিক ভবন, হোস্টেল ভবন, অধ্যক্ষের বাসভবন, অভ্যন্তরীণ রাস্তা ও দেয়াল ঘেরা সীমানা প্রাচীর।

নির্মাণ কাজ সমাপ্তির পর একটি সুন্দর-শান্ত-সৌম্য পরিবেশে সুদৃশ্য ইমারতে ২০০০খিঃ থেকে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ প্রতিষ্ঠানের আওতায় খুলনা, বাগেরহাট, নড়াইল, যশোর ও সাতক্ষীরা জেলার সমবায়ী এবং সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ দেয়া হয়ে থাকে।

আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট, খুলনায় ২৫ জন শিক্ষার্থীর জন্য একটি অত্যাধুনিক শীতাতপ নিয়ন্ত্রিত কম্পিউটার ল্যাব রয়েছে যেখানে খুলনা বিভাগের মোট ০৫ (পাঁচ)টি জেলায় কর্মরত সমবায় বিভাগের কর্মকর্তা/কর্মচারীসহ সমবায়ীদের প্রশিক্ষণ প্রদান করা হয়।

## ২০২১ - ২০২২ অর্থ বছরে উল্লেখযোগ্য কার্যক্রম :

ক) প্রশাসনিক ভবন ও প্রশাসনিক ক্যাম্পাস/এলাকা :

ক্রঃ নং	কাজের বিবরণ	সম্পাদিত কাজ
০১	পানির ফোয়ারা	আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট খুলনার নাম সম্বলিত পানির ফোয়ারা তৈরী।
০২	মাটি ভরাট	আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট খুলনার প্রশাসনিক ভবনের সামনে ডোবা জায়গায় বালি ও মাটি দ্বারা ভরাট করে দৃষ্টি নন্দন করা হয়েছে।
০৩	মাল্টা ও কমলা বাগান	আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট খুলনার প্রশাসনিক ভবনের সামনে দৃষ্টি নন্দন মাল্টা ও কমলা বাগান করা হয়েছে।
০৪	দৃষ্টিনন্দন ওয়াক-ওয়ে	আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট খুলনার প্রশাসনিক ভবনের পূর্ব ও উত্তর পাশে দৃষ্টিনন্দন ওয়াক-ওয়ে স্থাপন করা হয়েছে।
০৫	রাস্তার পাশে দৃষ্টিনন্দন লাইট	আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট খুলনার প্রশাসনিক ভবনের রাস্তার পাশে দৃষ্টিনন্দন লাইট স্থাপন করা হয়েছে।
০৬	সৌন্দর্য বর্ধনকারী ফুলগাছ রোপন।	আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট খুলনার প্রশাসনিক ভবনের সামনে বর্ধনকারী ফুলগাছ রোপন করা হয়েছে।
০৭	অধ্যক্ষের কক্ষ ও প্রশিক্ষণ কক্ষ ইন্টেরিয়র ডিজাইন	আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট খুলনার অধ্যক্ষের কক্ষ ও প্রশিক্ষণ ইন্টেরিয়র ডিজাইন করা হয়েছে।

খ) হোস্টেল ভবন ও হোস্টেল ক্যাম্পাস/এলাকা :

ক্রঃ নং	কাজের বিবরণ	সম্পাদিত কাজ
০১	ভিআইপি ডাইনিং রুম তৈরী	আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট খুলনার হোস্টেল ভবনে অতিথিদের খাওয়ার জন্য ১টি ভিআইপি ডাইনিং রুম স্থাপন করা হয়েছে।
০২	ভিআইপি কক্ষেইন্টেরিয়র ডিজাইন	আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট খুলনার হোস্টেল ভবনে ভিআইপি কক্ষটি ইন্টেরিয়র ডিজাইন করে আধুনিকায়ন করা হয়েছে।
০৩	সেমি ভিআইপি রুম তৈরী	আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট খুলনার হোস্টেল ভবনে ২ টি সেমি ভিআইপি রুম তৈরী করা হয়েছে।
০৪	সৌন্দর্য বর্ধনকারী ফুলগাছ রোপন।	আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট খুলনার হোস্টেল ভবন সামনে বর্ধনকারী ফুলগাছ রোপন করা হয়েছে।
০৫	হোস্টেল ভবনের সামনে দৃষ্টিনন্দন লাইট	আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট খুলনার হোস্টেল ভবন সামনে দৃষ্টিনন্দন লাইট স্থাপন করা হয়েছে।

২০২১ - ২০২২ অর্থ বছরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর তালিকা;

ক্রমিক নং	কর্মকর্তা/কর্মচারীর নাম	পদবী	মন্তব্য
০১	জনাব মোহাঃ জাহাঙ্গীর আলম	অধ্যক্ষ (উপ-নিবন্ধক)	
০২	জনাব মোঃ একলাচ উদ্দিন	পরিদর্শক	
০৩	জনাব শশাংক শেখর রায়	পরিদর্শক	
০৪	জনাব রাধাকান্ত ঘোষ	প্রশিক্ষক	
০৫	জনাব ফ. ম. জাহাঙ্গীর হোসেন	উচ্চমান সহকারী	
০৬	জনাব মোঃ গোলজার হোসেন	অফিস সহায়ক	
০৭	জনাব মাকসুদা আক্তার	অফিস সহায়ক	
০৮	জনাব মোঃ মহিউল ইসলাম	অফিস সহায়ক	
০৯	জনাব মোঃ আজম আলী শেখ	অফিস সহায়ক	
১০	জনাব মোঃ মহসিন আলী	নৈশ প্রহরী	
১১	জনাব এম. এম. আলতাফ হোসেন	বাবুর্চি	
১২	জনাব মোঃ সালাহউদ্দীন	সহকারী বাবুর্চি	

➤ যোগাযোগের ঠিকানা :

অধ্যক্ষ

আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট

জাংশান রোড, বয়রা আবাসিক এলাকা, খুলনা।

ফোন : ০৪১-৭৬২৫১২

ই-মেইল : zcikbd@gmail.com

## (০৬) আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফেনী :

বাংলাদেশের একমাত্র জেলা ফেনী যা ফেনী নদীর নামে নামকরণ। চট্টগ্রাম বিভাগের ১০টি জেলার মধ্যে ভৌগলিক কারণে এ জেলা অনেক গুরুত্ব বহন করে। এ কারণেই ১৯৬২-৬৩ সনে আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটের কার্যক্রম আরম্ভ করা হয় ফেনী শহরের একটি ভাড়া বাড়িতে। পরবর্তীতে ২০০৩ সালে ফেনী শহর থেকে ০৫ কি.মি. পশ্চিমে ফেনী-নোয়াখালী রোডের পাশে দক্ষিণ কাশিমপুর এলাকায় নিজস্ব ভবনে এর কার্যক্রম নতুনভাবে আরম্ভ করা হয়। সবুজ শ্যামলে ঘেরা অত্যন্ত নিরিবিলি পরিবেশে একটি দ্বিতল বিশিষ্ট প্রশাসনিক ভবন, একটি হোস্টেল ও অধ্যক্ষের বাসভবনসহ প্রায় ৫.৮৯ একর জায়গা জুড়ে এর অবস্থান। বাংলাদেশের যে কোন জেলা হতে ফেনীর মহিপাল নেমে মিনিবাস, সিএনজি অথবা রিক্সাযোগে সহজেই ইনস্টিটিউটে আসা যায়। অত্র ইনস্টিটিউটে সমবায় বিভাগীয় কর্মচারীদের পেশাগত দক্ষতা উন্নয়ন, কো-অপারেটিভ অডিটিং, অফিস ব্যবস্থাপনা, স্টাফ উন্নয়ন কোর্স এবং সমবায় সমিতির সদস্যদেও সমবায় ব্যবস্থাপনা, সমিতির হিসাব সংরক্ষণ এবং বিভিন্ন আয়বর্ধকমূলক প্রশিক্ষণ যেমন- ব্লক বাটিক, ক্রিস্টাল শোপিচ, মোবাইল সার্ভিসিং, হস্ত শিল্প, সেলাই এবং ইলেকট্রিক্যাল ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণার্থীদের জন্য ওয়াইফাই ও জেনারেটরের ব্যবস্থা করা হয়েছে।

### ২.০০ঃ অবকাঠামোঃ

ইনস্টিটিউটের ০১ টি দ্বিতল প্রশাসনিক ভবন, ০১ টি দ্বিতল হোস্টেল ভবন এবং অধ্যক্ষের ০১ টি ০৩ কক্ষ বিশিষ্ট ১ তলা বাসভবন রয়েছে। প্রশাসনিক ভবনে ০২ টি ক্লাশ রুম, ০১ টি গ্রন্থাগার আছে এবং হোস্টেল ভবনে ০২ টি ভিআইপি কক্ষ ও ৫০ জন প্রশিক্ষণার্থী থাকার ব্যবস্থা রয়েছে। অধ্যক্ষের বাসভবনটি প্রায় ৮০০ বর্গফুটের। বর্তমানে অধ্যক্ষের বেতন স্কেলের প্রাপ্যতার তুলনায় বাসাটি নিম্নমানের। অধ্যক্ষের বাসভবনটি স্থানীয় গণপূর্ত বিভাগের মতামত অনুযায়ী বসবাসের অযোগ্য হয়ে রয়েছে।

### ৩.০০ঃ ইনস্টিটিউটের বর্তমান কর্মকর্তা/কর্মচারীদের তালিকা :

নং	কর্মকর্তা/কর্মচারীদের নাম	পদবী	যোগাযোগ নাম্বার	মন্তব্য
০১	জনাব শাহনেওয়াজ চৌধুরী	অধ্যক্ষ (উপনিবন্ধক)	০১৮১৯৪৮১৩৭৬	
০২	জনাব আবদুল আজিজ	পরিদর্শক	০১৮১৫০৫৮৬১৭	
০৩	জনাব কমল কর্মকার	পরিদর্শক	০১৮২৮১৪৪২৩৪	
০৪	জনাব মোঃ মুজিবুল হক	পরিদর্শক	০১৮১৯৮২৬৩৭৭	
০৫	জনাব মিঠুন চক্রবর্তী	অফিস সহকারী	০১৮১২৫৬২৩২৪	
০৬	জনাব রাজীব চন্দ্র মজুমদার	অফিস সহায়ক	--	
০৭	জনাব মহিউদ্দিন	অফিস সহায়ক	০১৭৭৫৭৭১২৮৯	
০৮	জনাব মোঃ আবুল খায়ের	অফিস সহায়ক	--	
০৯	জনাব শেখ আকরাম হোসেন	সহকারী বাবুর্চি	০১৭৫৮৫১৮৯০৭	
১০	জনাব মোহাম্মদ নূর উদ্দিন	নিরাপত্তা প্রহরী	০১৮২৭৪৩০১১২	

### ➤ যোগাযোগের ঠিকানা :

অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট

দক্ষিণ কাশিমপুর, ফেনী।

ফোন : ০৩৩১-৬১৮৪১

ই-মেইল : [principal.fenizonal@gmail.com](mailto:principal.fenizonal@gmail.com)

## (০৭) আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদী :

বাংলাদেশের মতো একটি উন্নয়নশীল দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সমবায়ের ভূমিকা অনস্বীকার্য। গ্রামীণ জীবন তথা সামাজিক উন্নয়নে সমবায়ের কোন বিকল্প নেই। সমবায়ের আদর্শ অনুসরণ ও বাস্তবায়ন করে বাংলাদেশসহ পৃথিবীর অন্যান্য দেশে অর্থনীতির বিভিন্ন ক্ষেত্রে প্রভূত উন্নতি সাধন করেছে। এক সাগর রক্তের বিনিময়ে অর্জিত আমাদের দেশের পবিত্র সংবিধানে সমবায়কে অর্থনীতির ২য় সেক্টর হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়েছে। সাংবিধানিক এই স্বীকৃতি সমবায়ের গুরুত্বপূর্ণ অবস্থানের কথা আমাদের জানান দেয়। বর্তমানে শিল্প, কৃষি, শিক্ষা, সমবায় ঋণ, মার্কেটিং ও ব্যবসায়, নারীর ক্ষমতায়ন, পরিবেশ ও প্রতিবেশ সুরক্ষা এবং জাতীয় অর্থনীতির বিভিন্ন সেক্টরে সমবায় কার্যক্রম বিদ্যমান।

সমবায়ের মাধ্যমে সমবায় সমিতির নেতৃবৃন্দকে দক্ষ ও যোগ্য নেতৃত্বের উপযোগী করে গড়ে তুলে সমবায় এন্টারপ্রেনরশিপ সৃষ্টি এবং স্থায়ী, ধারাবাহিক ও গতিশীল সমবায় সংগঠন তৈরীর লক্ষ্যে বাংলাদেশ সমবায় একাডেমিসহ দেশের ১০টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট বিভিন্ন ধরনের প্রশিক্ষণ দিয়ে থাকে। এরই ধারাবাহিকতায় আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদী এর অধিভুক্ত কর্ম এলাকার সমবায়ী/ সমবায় বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীদের জন্য বিভিন্ন ধরনের কোর্সের আয়োজন করা হয়ে থাকে। এসব কোর্সকে বিনোদনধর্মী, ফলপ্রসূ, কার্যকর এবং বাস্তবমুখী করার জন্য কোর্স পরিচালনা সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করা হলো।

আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদী'র নির্মাণ কাজ শুরু হয় ২০০৪ সালে। তৎকালীন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী প্রয়াত আব্দুল মান্নান ভূঁইয়া মহোদয়ের ঐকান্তিক প্রচেষ্টায় এবং স্থানীয় প্রশাসন তথা স্থানীয় জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে ৩.১৬ একর ভূমির উপর একটি উন্নয়ন প্রকল্পের আওতায় আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদী প্রতিষ্ঠিত হয়। গণপূর্ত বিভাগ কর্তৃক উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ভৌত অবকাঠামো নির্মাণের পর ১৪ মে ২০১১ তারিখে উক্ত প্রতিষ্ঠানটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন সাবেক ডাক, তার ও টেলিযোগাযোগ মন্ত্রী (পরবর্তীতে শ্রম মন্ত্রী) জনাব রাজি উদ্দিন আহমেদ (রাজু)। ঢাকা-সিলেট মহাসড়কের পাশে নরসিংদী পুলিশ লাইনস, সাহে প্রতাপ সংলগ্ন বাগহাটা মৌজার দগরিয়া গ্রামে মনোরম পরিবেশে প্রতিষ্ঠানটির অবস্থান। অত্যাধুনিক সুযোগ সুবিধা সম্বলিত অত্র প্রশিক্ষণ প্রতিষ্ঠানটি ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, গাজীপুর, মানিকগঞ্জ ও নরসিংদী জেলার সমবায় বিভাগীয় কর্মকর্তা/ কর্মচারীদের মৌলিক প্রশিক্ষণ, অডিটিং সহ বিভিন্ন প্রশিক্ষণ ও সমবায়ীদের সমবায় ব্যবস্থাপনা, আয়বর্ধকমূলক প্রশিক্ষণসহ সরকারের বিভিন্ন প্রকল্পের নির্ধারিত প্রশিক্ষণ দিয়ে আসছে। অত্র প্রতিষ্ঠানটি বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ি, কুমিল্লা-এর প্রশাসনিক নিয়ন্ত্রণে পরিচালিত হয়ে থাকে।

নরসিংদী জেলা সদর থেকে ২ কিলোমিটার দূরে ঢাকা সিলেট মহাসড়কের পাশে সাহেপ্রতাপ সংলগ্ন বাগহাটা মৌজার দগরিয়া গ্রামে আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদী ক্যাম্পাস অবস্থিত। শহর থেকে দূরে নিরিবিলি পরিবেশে ৩.১৬ একর ভূমির উপর নির্মিত প্রশিক্ষণ ইনস্টিটিউটটি সর্বাধুনিক সুযোগ সুবিধা সম্বলিত একটি প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানে চারিপাশের সল্লিকটে রয়েছে পলিটেকনিক ইনস্টিটিউট, পুলিশ লাইন, বিদ্যুৎ কেন্দ্র এবং বেসরকারী প্রতিষ্ঠান ব্র্যাক। মনোরম প্রাকৃতিক পরিবেশের ক্যাম্পাসে রয়েছে প্রশাসনিক কাম প্রশিক্ষণ ভবন, হোস্টেল ভবন, স্টাফ কোয়ার্টার ও অধ্যক্ষের বাসভবন। এছাড়াও সার্বক্ষণিক কার্যক্রম নিরবিচ্ছিন্নভাবে চালানোর জন্য রয়েছে একটি শক্তিশালী বৈদ্যুতিক জেনারেটর।

আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদীতে প্রশাসনিক ও প্রশিক্ষণ ভবন, হোস্টেল ভবন, স্টাফ কোয়ার্টার ও অধ্যক্ষের বাসভবন রয়েছে। অত্যাধুনিক কম্পিউটার ল্যাব ও সেলাই প্রশিক্ষণ ল্যাব; সুসজ্জিত শ্রেণিকক্ষ, অত্যাধুনিক সুবিধা সম্পন্ন শীতাতপ নিয়ন্ত্রিত কনফারেন্স হল; ভিআইপি কক্ষ, ইনডোর গেমস সুবিধা, সার্বক্ষণিক বৈদ্যুতিক জেনারেটর ও দৃষ্টিনন্দন সবুজ উদ্যান রয়েছে। এখানকার প্রশিক্ষণের/ সম্মেলনের জন্য ডাইনিং সুবিধা রয়েছে।

উল্লেখ্য যে, আধুনিক সকল সুযোগ সুবিধা সম্পন্ন কম্পিউটার ল্যাবের মাধ্যমে আইসিটি প্রশিক্ষণ প্রদান করা হয়। সমবায় বিভাগের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারি ও তাদের সন্তানাদি এবং সমবায়ীদেরকে নানা ধরনের স্বল্প ও মধ্যম মেয়াদী কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। সংশ্লিষ্ট যে কেউ এই সুবিধা গ্রহণ করতে পারে। এখানে সেলাই প্রশিক্ষণের জন্য একটি স্বয়ংসম্পূর্ণ ল্যাবও রয়েছে।

কল্যাণমুখী, আত্মনির্ভরশীল স্বচ্ছতা ও জবাবদিহিতা সমৃদ্ধ সমবায় প্রতিষ্ঠান/সমবায়ী গড়ে তোলার লক্ষ্যে এই প্রতিষ্ঠানকে সুদক্ষ জনশক্তিতে সমৃদ্ধ করা আমাদের লক্ষ্য। এই লক্ষ্য অর্জনের জন্য রাজস্ব ও উন্নয়ন বাজেটের অধীনে এবং সমবায়

উন্নয়ন তহবিলের অর্থায়নে অত্র প্রতিষ্ঠানের মাধ্যমে (১) পেশাগত দক্ষতা উন্নয়ন (২) সচেতনতা বৃদ্ধি (৩) সমবায় ব্যবস্থাপনা ও (৪) বিভিন্ন আয়বর্ধন মূলক (আইজিএ) কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে :

- (১) পেশাগত দক্ষতা উন্নয়নমূলক : সমবায় বিভাগীয় কর্মকর্তা/ কর্মচারীদের মৌলিক ও পেশাগত প্রশিক্ষণ।
- (২) সচেতনতা বৃদ্ধিমূলক : জেডার বৈষম্য, হ্রাস, পরিবেশ সুরক্ষা, সামাজিক চেতনাবৃদ্ধি ইত্যাদি প্রশিক্ষণ।
- (৩) সমবায় ব্যবস্থাপনা : সমবায়ীদের জন্য সমবায় ব্যবস্থাপনা, নেতৃত্বের বিকাশ, হিসাব সংরক্ষণ, ও অন্যান্য প্রশিক্ষণ।
- (৪) আয়বর্ধক ও কর্মসংস্থানমূলক : এন্টার প্রেনিয়রশিপ সৃষ্টি, আয়বর্ধক কর্মকাণ্ডের জন্য বিভিন্ন ট্রেড ভিত্তিক (মাশরুম চাষ, সেলাই প্রশিক্ষণ, কম্পিউটার ও অন্যান্য আইজিএ ভিত্তিক) প্রশিক্ষণ।

০২. ২০২১ - ২০২২ সনে উল্লেখযোগ্য কার্যক্রম :

ক) প্রশাসনিক ভবন ও প্রশাসনিক ক্যাম্পাস/এলাকা।

ক্রঃ নং	কাজেরবিবরণ	সম্পাদিতকাজসমূহ
	প্রশাসনিক ভবন	তিনতলা বিশিষ্ট প্রশাসনিক ভবনের ভিতরে ও বাহিরে প্লাস্টার নবায়ন ও রংকরণ, জরাজীর্ণ দরজা জানালা মেরামত, ছাদ পানি রোধকরণ ও সেনিটারী ফিটিংস পরিবর্তনসহ আনুসঙ্গিক মেরামত কাজ।
	অধ্যক্ষের বাসভবন	অধ্যক্ষের বাস ভবনের ভিতরে ও বাহিরে প্লাস্টার নবায়ন ও রংকরণ, জরাজীর্ণ দরজা জানালা মেরামত, ছাদ পানি রোধকরণ ও সেনিটারী ফিটিংস পরিবর্তনসহ আনুসঙ্গিক মেরামত কাজ।

খ) হোস্টেল ভবন ও হোস্টেল ক্যাম্পাস/এলাকা।

ক্রঃ নং	কাজেরবিবরণ	সম্পাদিতকাজসমূহ
	হোস্টেল ভবন	হোস্টেল ভবনের ভিতরে ও বাহিরে প্লাস্টার নবায়ন ও রংকরণ, জরাজীর্ণ দরজা জানালা মেরামত, ছাদ পানি রোধকরণ ও সেনিটারী ফিটিংস পরিবর্তনসহ আনুসঙ্গিক মেরামত কাজ।
	স্টাফ কোয়ার্টার	কোয়ার্টারের ভিতরে ও বাহিরে প্লাস্টার নবায়ন ও রংকরণ, জরাজীর্ণ দরজা জানালা মেরামত, ছাদ পানি রোধকরণ ও সেনিটারী ফিটিংস পরিবর্তনসহ আনুসঙ্গিক মেরামত কাজ।

০৩. বর্তমান সময়ে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের যোগাযোগ নম্বরসহ পরিচিতি তালিকাঃ

ক্র.নং	নাম	পদেরনাম	মন্তব্য
০১.	মোঃ আশরাফুল ইসলাম	অধ্যক্ষ (উপ-নিবন্ধক)	-
০২.	মোঃ আমিনুল ইসলাম	প্রশাসনিক কর্মকর্তা কাম হোস্টেল সুপার	--
০৩.	সাহিদা আক্তার (সংযুক্তি)	উপজেলা সমবায় অফিসার	-
০৪.	মানিক চক্রবর্তী (সংযুক্তি)	পরিদর্শক	-
০৫.	সোহরাব হোসেন	প্রশিক্ষক	-
০৬.	মোহাম্মদ তোফাজ্জল হোসেন	প্রশিক্ষক	-

০৭.	মোঃ সাইদুল ইসলাম শেখ	হিসাবরক্ষক	-
০৮.	চিদা নন্দা গোপাল বর্মণ	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	-
০৯.	আনোয়ার হোসেন	ইলেকট্রিশিয়ান	আউট সোসিং স্টাফ
১০.	হাছেন খান	অফিস সহায়ক	
১১.	আব্দুল্লা আল মামুন	অফিস সহায়ক	
১২.	মোজাম্মেল হক	নৈশ প্রহরী	
১৩.	মোঃ আরিফুল ইসলাম	নৈশ প্রহরী	
১৪.	মোঃ মাহমুদুল হাসান	কুক	
১৫.	শামীম হোসেন	সহকারী কুক	
১৬.	মোঃ মিল্টন হোসেন	ম্যাট	
১৭.	মোঃ পারভেজ মিয়া	পাম্প অপারেটর	
১৮.	মনোরঞ্জন রায়	বাড়ুদার	
১৯.	মোঃ রাকিবুল ইসলাম	বাড়ুদার	
২০.	মোঃ শাহাবুদ্দিন	মালি	

➤ যোগাযোগের ঠিকানা :

অধ্যক্ষ

আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট

বাগহাটা, নরসিংদী। (পুলিশ লাইন সংলগ্ন)

ফোন : ০২-৯৪৫১৫২৩

ই-মেইল : [czinarsingdi@gmail.com](mailto:czinarsingdi@gmail.com)



## (০৮) আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, নওগাঁ :

আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, নওগাঁ বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সংযুক্ত দপ্তর সমবায় অধিদপ্তর এর আওতাধীন বাংলাদেশ সমবায় একাডেমি এর নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান। জাতীয় পর্যায়ে এর সমবায় একাডেমির অধীন বর্তমানে ১০টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট রয়েছে। ১৯৬৪ সালে একটি প্রজেক্ট এর অধীন মুক্তাগাছা, নওগাঁ, ফেনী ও কুষ্টিয়ায়; ১৯৬৫ সালে ফরিদপুর, খুলনা, মৌলভীবাজার ও রংপুর; ২০০৩ সালে বরিশাল এবং ২০১১ সালে নরসিংদী আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়। নরসিংদী ব্যতীত অন্যান্য ৯টি প্রতিষ্ঠানের জায়গার আয়তনে কমবেশি হলেও মূল অবকাঠামো প্রশাসনিক ভবন, হোস্টেল ভবন, অধ্যক্ষের বাস ভবন একই নক্সায় তৈরি।

